# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (২য় খন্ড)/২০১১/২৬০২ তারিখ ৩০ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ
১৪ ডিসেম্বর ২০১৭ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৬১৯ তম কমিশন সভা অদ্য ১৪/১২/২০১৭ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

১. ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড এর ৭০০ (সাত শত) কোটি টাকার Coupon bearing non-convertible Subordinated Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে সাত বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, Non-convertible, Unlisted, Fully Redeemable, Subordinated Bond. বন্ডটি সাত বছরে Full Redemption হবে, শুধুমাত্র ব্যাংক, স্থানীয় আর্থিক প্রতিষ্ঠান, বীমা কোম্পানী, কর্পোরেট বডি, সম্পদ ব্যবস্হাপনা প্রতিষ্ঠান, মিউচ্যুয়াল ফান্ড এবং উচ্চ সম্পদশালী ব্যক্তিরাই (high net worth individuals) প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে এই বন্ডটি ক্রয় করতে পারবেন। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড Tier-II Regulatory Capital and Capital Adequacy Ratio এর মাধ্যমে Basel III এর শর্ত পূরণ করবে। ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড Non-convertible Subordinated Bond এর প্রতি ইউনিটের অভিহিত মূল্য এক কোটি টাকা। এই বন্ডের ট্রাস্টি হিসাবে কাজ করছে আইডিএলসি ইনভেস্টমেন্ট লিমিটেড।

২. ইউনাইটেড এয়ারওয়েজ (বিডি) লিঃ (Issuer) এপ্রিল ২৩, ২০১৫ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের সভায় কোম্পানীর প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালককে কোম্পানীর আর্থিক সংকট উত্তরণের জন্য বিদেশী বিনিয়োগের মাধ্যমে মূলধন বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য ক্ষমতা অর্পন করে যা ইউনাইটেড এয়ারওয়েজ (বিডি) লিঃ মূল্য সংবেদনশীল তথ্য হিসেবে প্রকাশ না করার ফলেঃ (ক) সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ১৯৯৫ এর বিধি ৩ এর উপ-বিধি (১) এবং (খ) কমিশনের আদেশ নং- এসইসি/এসআরএমআইসি/২০০-৯৮৫/প্র-০২/১ তারিখঃ ডিসেম্বর ১৯, ২০০০ সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গ হয়েছে।

উক্ত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন ইউনাইটেড এয়ারওয়েজ (বিডি) লিমিটেডকে সতর্কপত্র ইস্যু করার সিদ্ধান্ত গ্রহণ করে।

৩. সাদ সিকিউরিটিজ লিমিটেড (DSE TREC-118) -এ ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ কর্তৃক পরিচালিত পরিদর্শন রিপোর্টে নিম্নবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয় ঃ

(ক) সমন্বিত গ্রাহক হিসাব (Consolidated Customer Account) -এ ঘাটতির মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 8A(1) এবং Rule 8A (2) লংঘন;

(খ) পরিচালক এবং তাদের পরিবারের সদস্য, অনুমোদিত প্রতিনিধিদের হিসাবে ঋণ প্রদান ও পর্যাপ্ত ব্যালেন্স না থাকা সত্ত্বেও টাকা উত্তোলন এবং অনুমোদিত প্রতিনিধিদের নামে হিসাব পরিচালনা করার মাধ্যমে কমিশনের Directive No. SEC/CMRRCD/2001-43/31 তারিখঃ March 23, 2010, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা ২০০০ এর বিধি ৪(৪) এর Deed of Agreement এর Clause 5 এবং Dhaka Stock Exchange (Trading Right Entitlement Certificate) Regulations, 2013 এর Regulation 14(3)(iv) ভঙ্গ করেছে;

(গ) নগদ হিসাবে ঋণ প্রদান করে Margin Rules, 1999 এর Rule 3(1) ও (2) ভঙ্গ করেছে; এবং

(ঘ) ৫ (পাঁচ) লক্ষ টাকার উপরে নগদ লেনদেনের মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rules 8(1)(cc)(i) ভঙ্গ করেছে।

উক্ত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন অদ্যকার সভায় সাদ সিকিউরিটিজ লিমিটেড -কে ২০ (বিশ) লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।


ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২ ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬ ই-মেইল : secbd@bdmail.net ওয়েব : www.sec.gov.bd

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


৪. এএনএফ ম্যানেজমেন্ট কোঃ লিঃ (DSE TREC- 117) -এ ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ কর্তৃক পরিচালিত পরিদর্শন রিপোর্টে নিম্নেবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয় ঃ

(ক) সমন্বিত গ্রাহক হিসাব (Consolidated Customer Account) -এ ঘাটতির মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 8A(1) এবং (2) লংঘন;

(খ) ডিলার হিসাব, ব্যবস্থাপনা পরিচালক, প্রধান নির্বাহী কর্মকর্তা, অনুমোদত প্রতিনিধি ও তাদের পরিবারের সদস্য এবং অন্যান্য কর্মকর্তাদের নামে পরিচালিত হিসাবে ঋণ প্রদান, অনুমোদিত প্রতিনিধি ও তাদের পরিবারের সদস্যদের নামে হিসাব পরিচালনা এবং নগদ হিসাবে ঋণ প্রদান করার মাধ্যমে কমিশনের Directive No:- SEC/CMRRCD/2001-43/31 তারিখঃ March 23, 2010 লংঘন; সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা ২০০০ এর বিধি ৪(৪) এর Deed of Agreement এর Clause 5 এবং Dhaka Stock Exchange (Trading Right Entitlement Certificate) Regulations, 2013 এর Regulation 14(3)(iv) এবং Margin Rules, 1999 -এর Rule 3(1) এবং Rule 3(2) ভঙ্গ করেছে;

(গ) কমিশনের Directive No. SEC/CMRRCD/2001-43/169 dated 01/10/2009 এবং Margin Rules, 1999 এর Rule 3(12)(d) ভঙ্গ করে Z ক্যাটাগরির শেয়ারে বিনিয়োগকারীকে ঋণ প্রদান; এবং

(ঘ) Back office stock report ও DP Holding report এর মধ্যে গরমিল থাকার ফলে Securities and Exchange Rules, 1987 এর Rule 8A এবং ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ এর প্রবিধান ৩৪(১) ও ৩৪(২) লংঘন করেছে।

উক্ত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন এএনএফ ম্যানেজমেন্ট কোঃ লিঃ -কে ২০ (বিশ) লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৫. এনডিবি ক্যাপিটাল লিমিটেড (মার্চেন্ট ব্যাংকার) তাদের পরিশোধিত মূলধন ২৫ (পঁচিশ) কোটি টাকায় উন্নীত করতে ব্যর্থ হওয়ার মাধ্যমে কমিশনের নোটিফিকেশন নং- SEC/CMRRCD/2001-50/127/Admin/42, তারিখঃ April 16, 2012 ভঙ্গ করেছে। উক্ত সিকিউরিটিজ আইন ভঙ্গের জন্য কমিশন অদ্যকার সভায় এনডিবি ক্যাপিটাল লিমিটেডকে সতর্কপত্র ইস্যু করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৬. কসমোপলিটান ফাইন্যান্স লিমিটেড (মার্চেন্ট ব্যাংকার) তাদের পরিশোধিত মূলধন ২৫ (পঁচিশ) কোটি টাকায় উন্নীত করতে ব্যর্থ হওয়ার মাধ্যমে কমিশনের নোটিফিকেশন নং- SEC/CMRRCD/2001-50/127/Admin/42, তারিখঃ April 16, 2012 ভঙ্গ করেছে। উক্ত সিকিউরিটিজ আইন ভঙ্গের জন্য কমিশন অদ্যকার সভায় কসমোপলিটান ফাইন্যান্স লিমিটেড -কে সতর্কপত্র ইস্যু করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৭. বাংলাদেশ অটোকারস লিমিটেড (Issuer) তাদের জুন ৩০, ২০১৪ তারিখের নিরীক্ষিত আর্থিক বিবরণীতে Priliminary expenses, Deferred reveue expenditure, unallocated expenditure, depreciation on addition to assets for half year যা BAS অনুযায়ী যথাযথভাবে হিসাবভুক্ত করেনি। এছাড়াও Liability for expenses of Tk. 63,84,074 এবং Comparative balance of liabilities for expenses as on June 30, 2013 of Tk. 52,32,383 এবং Collection from turnover and other income of Tk. 7,60,87,615/- for the year ended on June 30,2014 এর বিষয়ে কোন তথ্য প্রদান না করে Securities and Exchange Ordinance, 1969 এর Section 11(2) ভঙ্গ করেছে। উক্ত সিকিউরিটিজ আইন ভঙ্গের জন্য কমিশন অদ্যকার সভায় বাংলাদেশ অটোকারস লিমিটেড এর প্রত্যেক পরিচালককে ১ (এক) লক্ষ টাকা করে জরিমানা ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

২৪/১২/২০১৯

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।